

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাবীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তে শুধু মাত্র শায়েস্তাগঞ্জ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্র.নং	পদেরনাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীরশিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৪০০/- (প্রতিদিন) পারিতোষিক: ৮,৫০০/- (ড্যাটসহ এককালীন মোট)	১। ন্যূনতম স্মার্টফোন থাকতে হবে। ২। নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩। স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫ ইঞ্চি হতে হবে। ৪। সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৫। পূর্ববর্তী কোনশুমারি/জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২	গণনাকারী	প্রশিক্ষণ: ৪০০/- (প্রতিদিন) পারিতোষিক: ৮,০০০/- (ড্যাটসহ এককালীন মোট)	১। ন্যূনতম এইচএসসি পাস হতে হবে। ২। নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩। স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীনসাইজ ন্যূনতম ৫ ইঞ্চি হতে হবে। ৪। সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৫। পূর্ববর্তী কোনশুমারি/জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

বি.দ্র.: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারিবা এ ধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

### শর্তাবলী:

০১। উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবপোর্টাল (unoshayestaganj.habiganj.gov.bd) ও জেলা/উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবপোর্টাল সমূহ (bbs.habiganj.gov.bd/bbs.shayestaganj.habiganj.gov.bd) থেকে ডাউন লোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।

০২। আবেদনপত্রের সাথে নিম্ন বর্ণিত সকল কাগজ পত্র জমা দিতে হবে:

(ক) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (খ) জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(গ) জন্মনিবন্ধন/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি। (ঘ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট ও ০১ কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি।

০৩। নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার (৫০% এর অধিক) প্রদান করা হবে।

০৪। প্রয়োজনে নিজের মৌজা/মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য মৌজা/মহল্লা/ওয়ার্ডে কাজ করার মানসিকতা থাকতে হবে।

০৫। অন্য কোন পেশায় (যেমন: কিন্ডার গার্টেনের শিক্ষক/ইউনিয়ন বা ওয়ার্ড সচিব) নিয়োজিত কেউ আবেদন করতে পারবেন না।

০৬। ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য করা হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

০৭। সকল পদের আবেদন ফরমের খামের উপর বাম পার্শ্বে পদের নাম উল্লেখ পূর্বক আগামী ২৬.০১.২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শায়েস্তাগঞ্জ-এ সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

০৮। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।